

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাড়ে ৮ বছরের (জানু ২০০৯-জুন ২০১৭) উন্নয়ন এবং জনকল্যাণমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার স্থান : যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-৩১৮)।
সভার তারিখ ও সময় : ১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ, বেলা: ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত।

জনাব আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সরকারের সাড়ে ৮ বছরের (জানু ২০০৯-জুন ২০১৭) উন্নয়ন এবং জনকল্যাণমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণের গুরুত্ব তুলে ধরেন। তিনি জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ১২ অক্টোবর ২০১৭ প্রেরিত পত্রে বর্তমান সরকারের সাড়ে ৮ বছরের (জানু ২০০৯-জুন ২০১৭) উন্নয়ন এবং জনকল্যাণমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন চেয়ে একটি পত্র প্রেরণ করে। পত্রটিতে গত সাড়ে আট বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন ও জনকল্যাণমূলক কাজগুলোর তথ্য নিম্নলিখিত পয়েন্ট আকারে স্বাস্থ্য সেবা বিভাগ, প্রেরণের জন্য উল্লেখ করা হয়েছে: ১. মন্ত্রণালয় বিভাগের অধীনে সম্পাদিত মোট উন্নয়ন প্রকল্প/কাজের সারাংশ; ২. প্রতিটি প্রকল্প/কাজের সংক্ষিপ্ত বিবরণ; ৩. আর্থিক সংশ্লিষ্টতা; ৪. জনকল্যাণে ভূমিকা; ৫. আর্থ-সামাজিক সূচকে অবদান (যদি থাকে); ৬. প্রকল্প/কাজ সংশ্লিষ্ট আলোকচিত্র (যদি থাকে); ৭. অন্যান্য বিষয়সমূহ (যা আপনার গুরুত্বপূর্ণ মনে হয়) সে পরিপ্রেক্ষিতে উপ-সচিব (প্রশাসন-৪) স্বাক্ষরিত একটি পত্র গত ৫ নভেম্বর বিভিন্ন শাখা/অধিশাখা ও অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়। গত ২১ নভেম্বর ২০১৭ তাগিতপত্র-১ এবং ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে তাগিদপত্র-২ পাঠানো হয়। উক্ত পত্র ও তাগিদপত্রের প্রেক্ষিতে বিভিন্ন শাখা/অধিশাখা ও অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরিত প্রতিবেদনের বেশিরভাগে নির্ধারিত পয়েন্ট আকারে দেওয়া হয়নি। বিধায়, পয়েন্ট আকারে প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে সভাটি আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতি বর্তমান সরকারের সাড়ে ৮ বছরের (জানু ২০০৯-জুন ২০১৭) উন্নয়ন এবং জনকল্যাণমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন আগামী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করেন।

০২। **সভার সিদ্ধান্ত:** সরকারের সাড়ে ৮ বছরের (জানু ২০০৯-জুন ২০১৭) উন্নয়ন এবং জনকল্যাণমূলক কাজের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রেরিত পয়েন্ট আকারে প্রতিবেদন দপ্তর/অধিদপ্তরসমূহকে আগামী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০২.০১.২০১৮
(আঃ গাফফার খান)
যুগ্ম-সচিব (প্রশাসন)

৫

বিতরণ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

(মন্ত্রণালয়/বিভাগ)

১. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. পরিচালক (যুগ্মসচিব), এফএমএইউ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


বিতরণ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

(অধিদপ্তর/দপ্তর/সংস্থা)

১. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

জ্ঞাতার্থে:

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(মো: লুৎফুর রহমান)
উপসচিব

ফোনঃ ৯৫৪০.৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd